

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ওয়েবসাইটঃ www.mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রশা-১/১ই-৭২/৯০/ ২৮০০

তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিস্টাব্দ
১৬/০৮/১৪২১ বঙ্গাব্দ




প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩য় ফেজ, সচিবালয় ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব বেগম সুরাইয়া বেগম-কে এ মন্ত্রণালয়ের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা (Drawing and Disbursing Officer) হতে অব্যাহতি প্রদানপূর্বক পুনরাদেশ না দেয়া পর্যন্ত সহকারী সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন (পরিচিতি নং- ১১৩৩৬)-কে এ মন্ত্রণালয়ের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা (Drawing and Disbursing Officer) নিয়োগ করা হল।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩। তাঁর নমুনা স্বাক্ষর নীচে দেয়া হলঃ

(১) 
(২) 
(৩) 



(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫


sasadmin1@mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রশা-১/১ই-৭২/৯০/ ২৮০৫/১(৬)

তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ✓ ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং- স্বাপকম/প্রশাসন-১/এডি/ল্যাম্পগ্রান্ট-০১/২০১০- ১৭৯১)

তারিখঃ ২৭ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরধীন জনাব এ কে এম সোহরাব হোসেন, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, সিভিল সার্জন অফিস, সাতক্ষীরা-এর জন্ম তারিখ ২২/০২/১৯৫৬ খ্রিঃ হওয়ায় গণ কর্মচারী(অবসর) আইন, ১৯৭৪ অনুযায়ী তাঁকে ২১/০২/২০১৫ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকুরি হতে অবসর প্রদান করা হল এবং ছুটি পাওনা সাপেক্ষে ১২ (বার) মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ (ল্যাম্পগ্রান্ট) মঞ্জুর করা হল। সেই সঙ্গে তাঁকে অবসর গ্রহণের পরবর্তী দিন অর্থাৎ ২২/০২/২০১৫ খ্রিঃ তারিখ হতে ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) প্রদান করা হল।

২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৬/০৪/২০১০ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)-৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তিনি অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

স্মারক নং- স্বাপকম/প্রশাসন-১/এডি/ল্যাম্পগ্রান্ট-০১/২০১০- ১৭৯১/১ (৪)

তারিখঃ ২৭ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সিভিল সার্জন, সাতক্ষীরা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা।
- ৭। জনাব এ কে এম সোহরাব হোসেন, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, সিভিল সার্জন অফিস, সাতক্ষীরা।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০১.০০.০০১.২০১৩- ৩৭০১


তারিখঃ ২৭ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ পদোন্নতি আদেশে নামের শেষে 'মন্ডল' সংযোজন প্রসঙ্গে।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅঃ/প্রশাঃ/এ-৭৭/২০০৪/৪৯৫৭, তারিখঃ ২৮/১০/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৮/০৭/২০০২ খ্রিঃ তারিখের পার-৮/নিয়মিত-০৩/৯৯/৩৪৬ সংখ্যক স্মারকে স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর ০৭(সাত) জনকে 'জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা'র শূন্য পদে পদোন্নতি প্রদান করা হয়। তন্মধ্যে ক্রমিক নং-৪ এ বর্ণিত কর্মকর্তা জনাব মোঃ আনিছার রহমান-এর এসএসসি সার্টিফিকেট, প্রথম সরকারি চাকুরির নিয়োগপত্র ও চাকুরি বহি পরীক্ষান্তে দেখা যায়, তাঁর নাম মোঃ আনিছার রহমান মন্ডল উল্লেখ রয়েছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত আদেশের ক্রমিক নং-৪ এ বর্ণিত কর্মকর্তার নাম জনাব মোঃ আনিছার রহমান-এর স্থলে জনাব মোঃ আনিছার রহমান মন্ডল হবে।


(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
[দৃঃ আঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, নওগাঁ।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ৬। জনাব মোঃ আনিছার রহমান মন্ডল, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সিভিল সার্জন অফিস, নওগাঁ।
- ৭। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।